



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০০




স্মারকনং-খুপ্রবি/

তাং

বিজ্ঞপ্তি

বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে অত্র বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় কোর্সে শিক্ষার্থীদের অনলাইন ক্লাশে অংশগ্রহণের লক্ষ্যে অস্বচ্ছল শিক্ষার্থীদের বিনাসুদে সফট লোন এর আওতায় স্মার্টফোন ক্রয়ে শিক্ষার্থী প্রতি ১০০০০/- (দশ হাজার) টাকা প্রদানের জন্য অর্থ কমিটির ৪৪ তম জরুরী সভার সুপারিশক্রমে সিডিকেটের ৭০ তম সভায় অনুমোদন করা হয়। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে শিক্ষার্থীদের আবেদন করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তি মোতাবেক শিক্ষার্থীদের নিকট হতে প্রাপ্ত আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক যথাযথ যাচাই-বাছাই ও সুপারিশের প্রেক্ষিতে ১৯৭ জন শিক্ষার্থীকে বিনাসুদে সফট লোন এর আওতায় স্মার্টফোন ক্রয়ের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়। তন্মধ্যে যে সকল শিক্ষার্থী স্মার্টফোন ক্রয়ের জন্য ঋণ প্রাপ্তির সম্মতিপত্র নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে পূরণ করে প্রেরণ করেছিল সে সকল শিক্ষার্থীদেরকে ধারাবাহিকভাবে অত্র বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-খুপ্রবি/৬৭৯, তারিখঃ ২২/০৯/২০২০ইং মোতাবেক ৭৬ জন ও স্মারক নং-খুপ্রবি/৭৩৬, তারিখঃ ২৯/০৯/২০২০ইং মোতাবেক ২৯ জন এবং স্মারক নং-খুপ্রবি/৯৩৭, তারিখঃ ১৯/১০/২০২০ইং মোতাবেক ৩৮ জন শিক্ষার্থীসহ সর্বমোট ১৪৩ জন শিক্ষার্থীর (তালিকা সংযুক্ত) সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে শিক্ষার্থী প্রতি ১০০০০/- (দশ হাজার) টাকা করে স্থানান্তর করা হয়েছে। এক্ষণে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের স্মার্টফোন ক্রয়ের ভাউচারটি আগামী ২৬/১১/২০২০ইং তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় প্রদত্ত E-mail ব্যবহার করে ugsoftloan@kuet.ac.bd এই ঠিকানায় ই-মেইল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।



২৬/১১/২০২০
জি এম শাহিদুল আলম
রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ২২ ৬০/৫০

তারিখঃ ২২/১১/২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (সংশ্লিষ্ট শিক্ষার্থীকে জানানোর অনুরোধসহ)
- ৪। পরিচালক (ছাত্র-কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৬। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়। (শর্তানুযায়ী লোন আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৮। চেয়ারম্যান, কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৯। ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা। অত্র বিশ্ববিদ্যালয়। (শর্তানুযায়ী লোন আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১০। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ১১। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১২। সংরক্ষণ নথি।


২৬/১১/২০২০
মোঃ রবিউল ইসলাম
সেকশন অফিসার (গ্রেড-২)